# প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

### ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

# দরপত্র তফসিল

## আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সেবা ক্রয় সংক্রান্ত

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৪.১৪.০৪৬.১৭-০৯ তারিখঃ ২৫ শ্রাবণ১৪২৪ বঙ্গাব্দ / ০৯ আগষ্ট ২০১৭ খ্রিস্টাব্দ

প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭
ফ্যাক্সঃ +৮৮-০২-৮১৮১১০২ফোন: +৮৮-০২-৮১৮১১০০
Web:www.doict.gov.bd

**শর্তাবলীঃ**

০১। সরকারি এবং স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে নূন্যতম ৩ বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানকে বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, সম্প্রতিকোন প্রতিষ্ঠানে জনবল সরবরাহের পূর্ব অভিজ্ঞতার প্রমাণপত্র নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সীলগালা (প্রতিষ্ঠানের সীলকৃত) অবস্থায় দরপত্র প্রস্তাব প্রকল্প পরিচালক,প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প বাড়ী নং- ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তরে দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এই মর্মে অঙ্গীকার নামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে এই প্রকল্পে কাজ করতে সম্মত হয়েছে। অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট সকল কাগজপত্রে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর থাকতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০২। মাসিক দাখিলকৃত বিল থেকে সরকারি বিধি মোতাবেক সার্ভিস চার্জের উপর ১০% আয়কর, এবং সর্বসাকুল্যে সেবামূল্য (সেবা মূল্য+সার্ভিস চার্জ) উপর ১৫% ভ্যাট কর্তন করা হবে। নিম্নোক্ত ছক অনুযায়ী নিজ প্যাডে প্রতিষ্ঠান প্রধানের নিজস্বাক্ষরে এনালাইসিসসহ দাখিল করতে হবে। উৎসব ভাতা এবং অন্যান্য ভাতাদি (প্রযোজ্য ক্ষেত্রে) সার্ভিসচার্জের অন্তর্ভূক্ত থাকবে। বিঃদ্রঃ শুধুমাত্র ৫, ৬, ৭ এবং ৮ কলাম সমূহ পূরণ করতে হবে, বাকী কলামসমূহ একই থাকবে।

<u>দর দাখিলের ছক</u>

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড | পদ সংখ্যা | জনপ্রতি মাসিক ন্যনতম সেবামূল্য | জনপ্রতি মাসিক ন্যনতম সেবামূল্যের উপর সার্ভিস চার্জ (একই পরিমাণ অর্থ শতাংশ এবং টাকার অংকে প্রকাশ করতে হবে) | জনপ্রতি মাসিক মোট সেবামূল্য (ন্যনতম সেবা মূল্য+সার্ভিস চার্জ) | জনপ্রতি মাসিক মোট সেবামূল্যের উপর ১৫% ভ্যাট | জনপ্রতি মাসিক সর্বসাকুল্যে সেবামূল্য (**) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ (৪+৫) | ৭ | ৮ (৬+৭) |
| ০১ | গাড়ী চালক (গ্রেড-১৬) | ০১ | ১৮,০৮০/- | ................% টাকা- .........../- | | | |
| ০২ | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০১ | ১৪,২৫০/- | ,, | | | |

(**) উল্লেখ্য যে, নিরূপিত ন্যনতম সেবামূল্য এবং সার্ভিস চার্জের উপর হতে ১৫% ভ্যাট এবং যাচিত সার্ভিস চার্জের উপর ১০% আয়কর কর্তন করার পর দরপত্রে উল্লিখিত সর্বসাকুল্য সেবামূল্য নূন্যতম সেবা মূল্যের কম হবে না।

০৩। আগামী ২৫/০৮/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ টার মধ্যে নিজ প্রতিষ্ঠানের সীলগালাকৃত খামে স্ব স্ব পদের দরপ্রস্তাব, ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের প্রমাণপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত বাক্সে দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। একই তারিখে (২৫/০৮/২০১৭) বেলা ২.৩০ টারমধ্যে প্রাপ্ত দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। দরপত্র জামানতঃ যে কোন তফসিল ভুক্ত ব্যাংক হতে প্রকল্প পরিচালক, প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প এর অনুকূলে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে। প্রতিষ্ঠানের নামে ব্যাংক

হিসাব থাকতে হবে এবং উক্ত ব্যাংক হিবাবের বিপরীতে স্থিতি পরিমান ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার প্রত্যয়ন দাখিল করতে হবে। উক্ত ব্যাংক হিসাবের গত ০৬ (ছয়) মাসে অন্তত ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার লেনদেন করেছেন এরূপ স্টেটমেন্ট দাখিল করতে হবে।

০৫। অর্থ মন্ত্রণালয়ের ২৭/০১/২০১৬ খ্রিস্টাব্দ তারিখের পরিপত্র মোতাবেক আউট সোসিং জনবলের মাসিক সেবামূল্য, উৎসব প্রণোদনা ইত্যাদি ক্রসড চেকের মাধ্যমে সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় হবে। এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশমালা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

০৬। আউট সোসিং পদ্ধতিতে নিযুক্ত জনবলের সেবা মূল্য অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ন্যূনতম সেবা মূল্যের কম হবে না। দরপত্র কমিটি সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নহেন, অসামঞ্জস্যপূর্ণ দর এবং অতিশয় নিম্ন দর বাতিল হিসাবে গণ্য হবে এবংযে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র কমিটি যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমস্ত দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭। দরপত্র প্রস্তাব বাছাইয়ে যে প্রতিষ্ঠানের প্রস্তাব বিবেচিত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদেরকে ইন্টারভিউ এর জন্য ডাকা হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সরকারি প্রতিষ্ঠানে কাজ করেছেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

০৮। প্রস্তাবিত প্রার্থীদের ছবিসহ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপিসহ জীবনবৃত্তান্ত পরবর্তীতে নির্বাচিত প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে।

০৯। অগ্রহণযোগ্য প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট হতে পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অন্য প্রার্থীর নাম ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করতে হবে।

১০। প্রস্তাবিত জনবলের কর্মস্থল প্রধান কার্যালয় এবং প্রকল্প এলাকায় হবে। তাদেরকে সার্বক্ষণিকভাবে প্রকল্প পরিচালক, প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের তত্ত্বাবধানে দায়িত্ব পালন করতে হবে।

১১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তি সম্পন্ন করতে হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১২। প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ১ (এক) বছর হবে, তবে উভয় পক্ষের সম্মতিতে মেয়াদকাল নবায়নযোগ্য বা কর্তনযোগ্য হবে।

১৩। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশে বাতিল করতে পারবে।

১৪। সরকারি প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে। সরকারি ছুটির দিনেও প্রয়োজনে দায়িত্ব পালন (Shifting duty) করতে হবে। যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় বা ছুটির দিনে জনবল নিয়োজিত রাখতে অপারগ হবে অথবা অতিরিক্ত অর্থ প্রাপ্তীর দাবী করবে তাদের প্রস্তাবিত দরপত্র দাখিল করার প্রয়োজন নেই। পরবর্তীতেও অপারগতা প্রকাশ করলে জনবল সরবরাহের চুক্তি বাতিল করা হবে।

১৫। নিয়োজিত কর্মচারীগণ কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবেন।

১৬। সরবরাহকৃত জনবলের মধ্যকালে কাজের মান সন্তোষজনক না হলে ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

১৭। আলোচ্য  জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে।

১৮। আউটসোর্সিং-এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

১৯। জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্যে বেতন নির্ধারিত হবে।

২০। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কোন ক্ষতিসাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

২১। নির্বাচিত প্রতিষ্ঠান থেকে সরবরাহকৃত 'ড্রাইভার'কে  ড্রাইভিং টেষ্টে উত্তীর্ণ হতে হবে।

২২। দরপত্র সিডিউল ক্রয়ের শুরু  ১০/০৮/২০১৭ খ্রিঃ এবং শেষ তারিখ আগামী ২২/০৮/২০১৭ খ্রিস্টাব্দ বেলা ১২.০০ টা পর্যন্ত। ওয়েবসাইট হতে সিডিউল ডাউনলোড করা যাবে। তবে জমা দানের পূর্বে নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে অন্যথায় বাতিল বলে গণ্য হবে।

২৩। সিডিউলের মূল্য প্রতিটি ১০০০/- (এক হাজার) টাকা মাত্র।

২৪। দরপত্র প্রকল্প পরিচালক, প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার-১১তলা, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর কক্ষে খোলা হবে।

২৫। জনবল সরবরাহের বিস্তারিত বিবরণ ও শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে।

২৬। যদি ২৫/০৮/২০১৭ খ্রিঃ তারিখে অনিবার্য কোন পরিস্থিতির সৃষ্টি হলে তাহলে পরের কার্য দিবস বেলা ১২.০০ টার মধ্যে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন নির্ধারিত সময়ে খোলা হবে। দরপত্রদাতা প্রতিষ্ঠান ইচ্ছা করলে নির্ধারিত সময়ের মধ্যে যে কোন দিন প্রকল্প পরিচালক, প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পএর অফিস কক্ষে রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে পারবেন।

২৭। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ সোলায়মান মন্ডল)
প্রকল্প পরিচালক, প্রযুক্তির সহায়তায় নারীর
ক্ষমতায়ন প্রকল্প